

# যক্ষ্মা সংক্রান্ত পরিচর্যা: কী প্রত্যাশা করা হয়

যে কারোরই যক্ষ্মা (টিবি) হতে পারে। এটি চিকিৎসায়োগ্য। আপনার টিবির স্থিতি জানতে পরীক্ষা করিয়ে নিন!



## অ্যাপয়েন্টমেন্ট

যে ব্যক্তির টিবি মূল্যায়নের প্রয়োজন, তাকে কোনো ক্লিনিক বা হাসপাতালে অ্যাপয়েন্টমেন্ট করতে হবে।




## উপসর্গ ও পরীক্ষা করা

একজন স্বাস্থ্যসেবা প্রদানকারী আপনার উপসর্গগুলির জন্য পরীক্ষা করবেন এবং টিবি সম্পর্কিত ঘ্বক বা রক্ত পরীক্ষা করবেন।



যদি আপনার পরীক্ষার ফলাফল ইতিবাচক হয় বা আপনার উপসর্গ দেখা দেয়, তাহলে আপনাকে টিবির জন্য আরও মূল্যায়ন করতে হবে।



যদি আপনার পরীক্ষার ফলাফল নেতিবাচক হয় এবং আপনার কোনো উপসর্গ না থাকে, তবে অধিকাংশ ক্ষেত্রে পরবর্তী মূল্যায়নের প্রয়োজন হয় না।\*



## চিকিৎসা সংক্রান্ত মূল্যায়ন

একজন স্বাস্থ্যসেবা প্রদানকারী একটি বুকের এক্স-রে করবেন এবং পরীক্ষার জন্য কফ সংগ্রহ করতে পারেন।



## রোগ নির্ণয়

দুই ধরনের টিবি সংক্রমণ রয়েছে: সুপ্ত টিবি (উপসর্গ ছাড়া টিবি সংক্রমণ) এবং সক্রিয় টিবি (উপসর্গ সহ টিবি সংক্রমণ)।



## চিকিৎসা পরিকল্পনা

সুপ্ত বা সক্রিয় টিবি রোগীদের একটি নির্দিষ্ট চিকিৎসা পরিকল্পনা এবং ওষুধ দেওয়া হবে।



## ডিরেক্টলি অবজারভড থেরাপি

আপনি একজন স্বাস্থ্যসেবা কর্মীর তত্ত্বাবধানে ওষুধ গ্রহণ করবেন, যা চিকিৎসার ফলাফল উন্নত করতে সাহায্য করবে এবং আপনাকে ওষুধ সেবনে অবিচল থাকতে সাহায্য করবে



## চিকিৎসা সম্পূর্ণ করা

নির্ধারিত মতে ওষুধ গ্রহণ করা টিবি নিরাময়ের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। চিকিৎসা সম্পূর্ণ করা আপনাকে এবং আপনার পরিবার, বন্ধুবান্ধব এবং কমিউনিটি সহ অন্যদের সুরক্ষা দেয়।



## স্বাস্থ্য রক্ষণাবেক্ষণ

চিকিৎসার পর আপনার স্বাস্থ্যসেবা দলের সাথে ফলোআপ করার পরামর্শ দেওয়া হচ্ছে যাতে আপনার স্বাস্থ্যের উপর নজর রাখা যায় এবং সুস্বাস্থ্য বজায় রাখা যায়।

আরো তথ্যের জন্য **311** নম্বরে কল করুন বা [nyc.gov/health/tb](http://nyc.gov/health/tb)-এ যান।

\* সক্রিয় টিবি রোগে আক্রান্ত অথবা রোগ প্রতিরোধ ক্ষমতা কম এমন ব্যক্তিদের সংস্পর্শে থাকা ব্যক্তিদের আরও মূল্যায়নের প্রয়োজন হতে পারে।